গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, ৮১, মুরাদপুর,
চট্টগ্রাম
রেজিষ্ট্রেশন শাখা
www.dss.chittagong.gov.bd

শেখ হাসিনার
দিনবদলে, সমাজসেবা
এগিয়ে চলে

স্মারক নম্বর: ৪১.০১.১৫০০.০০৩.২২.০৯৬.১৮.১২১৭

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯

বিষয়: **সংশোধিত গঠনতন্ত্র অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ১. ৪১.০১.১৫০০.০৪২.০০০.০০.১৮.২৮৭ তারিখ-০৮.১১.২০১৮।
২. ৪১.০১.১৫০০.০৪২.০০০.০০.১৯.২৭৭ তারিখ-০৮.০৮.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রদ্বয়ের সুপারিশের প্রেক্ষিতে ,"চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম", ৭১০, আগ্রাবাদ আবাসিক এলাকা, পোঃ বন্দর, থানা-ডবলমুরিং, চট্টগ্রাম রেজিঃ চট্টঃ-১১৬৭/৮৫ এর ২৯-০৯-২০১৮ তারিখের সাধারণ সভায় অনুমোদিত সংশোধিত গঠনতন্ত্র এতদ্বারা অনুমোদন করা হলো।

সংযুক্তঃ- অনুমোদিত সংশোধিত গঠনতন্ত্র- ১(এক) কপি।

১০-১০-২০১৯
মোহাম্মদ শহীদুল ইসলাম
উপ পরিচালক

সভাপতি/সাধারণ সম্পাদক, "চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম", ৭১০, আগ্রাবাদ আবাসিক এলাকা, পোঃ বন্দর, থানা-ডবলমুরিং, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪১.০১.১৫০০.০০৩.২২.০৯৬.১৮.১২১৭/১(৪)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর
২) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,সমাজসেবা অধিদফতর,চট্টগ্রাম
৩) সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় -২,.চট্টগ্রাম
৪) সংরক্ষণ, কপি।

১০-১০-২০১৯
মোহাম্মদ শহীদুল ইসলাম
উপ পরিচালক

# চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

রেজিঃ নং-১১৬৭/৮৫

অস্থায়ী কার্য্যালয়ঃ ২০৪ সামাদ সুপার মার্কেট (৪র্থ তলা), ফকিরহাট, বন্দর,

## সংশোধিত গঠনতন্ত্র

(২৯/০৯/২০১৮ইং তারিখের সাধারন সভায় অনুমোদিত)

১। **শিরোনাম ঃ-**

(ক) এই সমিতি " চাঁদপুর জেলা সমিতি" চট্টগ্রাম নামে অভিহিত হইবে।

(খ) এই সমিতি ৬ই ডিসেম্বর, ১৯৮৪ইং তারিখ হইতে কার্যকরী বলিয়া গন্য হইবে।

২। **সংজ্ঞা ঃ-**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই গঠনতন্ত্রে ঃ

(ক) 'সভাপতি' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সভাপতি।

(খ) 'সহ-সভাপতি' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সহ-সভাপতি।

(গ) 'সাধারন সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সাধারন সম্পাদক।

(ঘ) 'যুগ্ন সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর যুগ্ন সম্পাদক।

(ঙ) 'অর্থ সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর অর্থ সম্পাদক।

(চ) 'সাংগঠনিক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সাংগঠনিক সম্পাদক।

(ছ) 'সমাজ কল্যান সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সমাজ কল্যান সম্পাদক।

(জ) 'দপ্তর সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর দপ্তর সম্পাদক।

(ঝ) 'প্রচার ও প্রকাশনা সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর প্রচার ও প্রকাশনা সম্পাদক।

(ঞ) 'শিক্ষা ও প্রকল্প বিষয়ক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর শিক্ষা ও প্রকল্প বিষয়ক সম্পাদক।

(ট) 'আইন বিষয়ক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর আইন বিষয়ক সম্পাদক।

(ঠ) 'তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি,চট্টগ্রাম এর তথ্য ও প্রযুক্তি সম্পাদক।

(ড) 'সাহিত্য, সাংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক ' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সাহিত্য, সাংস্কৃতিকু ও ক্রীড়া সম্পাদক।

(ঢ) 'মহিলা বিষয়ক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতাবলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম মহিলা বিষয়ক সম্পাদক।

(ণ) 'সহ-মহিলা বিষয়ক সম্পাদক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর সহ-মহিলা বিষয়ক সম্পাদক।

(ত) 'নির্বাহী সদস্য' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর নির্বাহী সদস্য।

(থ) 'আজীবন সদস্য' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর আজীবন সদস্য।

(দ) 'পৃষ্ঠপোষক' অর্থ এই গঠনতন্ত্রের ক্ষমতা বলে চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম এর পৃষ্ঠপোষক।

৩। **সমিতির কার্যালয় ঠিকানা ঃ-**

(ক) ২০৪ সামাদ সুপার মার্কেট (৪র্থ তলা) ৩নং জেটি গেইট, বন্দর, চট্টগ্রাম।

(খ) সংগঠনের অফিসের ঠিকানা পরিবর্তন করা হইলে তাহা অবশ্যই ০৭ (সাত) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ এবং স্থানীয় সমাজসেবা অফিসারকে লিখিতভাবে জানাইতে হইবে।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

মোঃ মোস্তফা তালুকদার<br>সভাপতি<br>চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

মোহাম্মদ শহীদুল ইসলাম<br>উপপরিচালক<br>ও<br>নিবন্ধন কর্তৃপক্ষ<br>জেলা সমাজসেবা কার্যালয়<br>চট্টগ্রাম।

মোঃ আলমগীর হোসেন বাবুল<br>সাধারণ সম্পাদক<br>চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

৪। এই সমিতি একটি বিধিবদ্ধ সমিতি হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিতা ও একটি সাধারন সীলমোহর থাকিবে এবং এই গঠনতন্ত্রের বিধান সাপেক্ষে স্থাবর ও অস্থাবর উভয়বিধ সম্পত্তি অর্জন এবং হস্তান্তর করা এবং চুক্তি স্বাক্ষর করার অধিকার ইহার থাকিবে। সমিতির স্বার্থ রক্ষার্থে যেকোন আইনগত ব্যবস্থা করিতে পারিবে।

৫। <u>সমিতির উদ্দেশ্য ও লক্ষ্য ঃ-</u>

(ক) এই সমিতি একটি অ-রাজনৈতিক সেবামূলক সংগঠন।

(খ) সমাজ সেবা, বিভিন্নমুখী কল্যানমূলক কাজ এবং অন্যান্য অনুরুপ লক্ষ্যে প্রতিষ্ঠিত সমিতির সাথে সহযোগিতা ও সমন্বয় সাধন করিয়া সমাজ সেবামূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা।

(গ) চাঁদপুর জেলা নিবাসী জনগনের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সমঝোতা, পারস্পরিক সৌহার্দতা ও প্রীতি গড়িয়া তোলা।

(ঘ) বিভিন্ন সামাজিক কল্যানমূলক, সেবামূলক কাজে অংশ গ্রহন করা ও সেই লক্ষ্যে জনগনের সেবা করা।

(ঙ) সদস্যদের সুনাগরিক হিসাবে গড়িয়া তোলা ও সেই লক্ষ্যে কাজ করা।

(চ) আর্থ সামাজিক, সাংস্কৃতিক ও নৈতিক উন্নতির লক্ষ্যে স্বত্রিয় ভূমিকা রাখা ও কার্যক্রম পরিচালনা করা।

(ছ) জনহিতকর বিষয়াদির উপর আলোচনা অনুষ্ঠান আয়োজন করা। তবে এই সব অনুষ্ঠান অ-রাজনৈতিক আলোচনায় সীমাবদ্ধ থাকিবে।

(জ) সমিতির লক্ষ্য অর্জনের জন্য অনুরুপ সমিতি, সাংস্কৃতিক সংগঠন, সামাজিক সংগঠন ইত্যাদি স্থাপনে সহায়তা করা ও স্থাপন করা।

(ঝ) সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি স্থাপনে উৎসাহ সৃষ্টি করা ও সমবায় সমিতি স্থাপন ও পরিচালনা করা।

(ঞ) আর্থিক পারিতোষিক ছাড়াও সমাজ সেবী জনগনের মধ্যে সমাজ সেবায় প্রেরনা আনয়ন করা এবং সেই লক্ষ্যে নৈতিকতা, যোগ্যতা ইত্যাদির ক্ষেত্র সম্প্রসারন ও উন্নতি করা।

(ট) চাঁদপুর নিবাসী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যরত গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের পাঠ্যক্রমে উৎসাহ ও সেই লক্ষ্যে প্রয়োজন বোধে বৃত্তি ও পুরস্কারের ব্যবস্থা করা।

(ঠ) বিভিন্ন ধরনের বৃত্তিমূলক ও ব্যবস্থাপনা প্রশিক্ষন সেমিনার ইত্যাদির ব্যবস্থা করা।

(ড) এই বিধির উদ্দেশ্য পূরন কল্পে প্রয়োজনীয় ও বিবেচিত আনুসাঙ্গিক ও সম্পুরক বিষয়াদির উপর কার্যক্রম গ্রহন করা।

(ঢ) চাঁদপুর জেলাবাসীর সার্বিক কল্যান এর লক্ষ্যে কার্যক্রম গ্রহন করা।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

মোহাম্মদ শহিদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

৬। **সদস্য পদ ঃ-**

(ক) সমিতির ঘোষনা অনুযায়ী চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলায় বসবাসকারী প্রাপ্ত বয়স্ক যেকোন চাঁদপুর জেলাবাসী এই সমিতির সদস্য হইতে পারিবেন।

(খ) এই সমিতির সদস্যপদ লাভ করিতে হইলে তফশীল 'ক' এ বর্নিত ছক পূরন করে সদস্যকে নির্দ্দিষ্ট ফি দিয়ে অঙ্গিকারপত্র স্বাক্ষর করিতে হইবে।

(গ) সদস্যগন গঠনতন্ত্র মোতাবেক নিদিষ্ট হারে নিদিষ্ট সময় অর্থাৎ এক বছরের চাঁদা প্রদান না করিলে তার সদস্য পদ বাতিল করা হইবে।

(ঘ) প্রতি সদস্যকে বাৎসরিক ৬০০.০০ (ছয়শত) টাকা চাঁদা দিতে হইবে। এই চাঁদা সদস্যগন ইচ্ছা করিলে এককালীন দিতে পারিবেন অথবা প্রতি মাসে পঞ্চাশ টাকা হারে দিতে পারিবেন।

(ঙ) প্রতি সদস্যকে সদস্য হইবার জন্য বাৎসরিক চাঁদা ছাড়াও এককালীন প্রবেশ ফি ১০০.০০ (একশত) টাকা জমা দিতে হইবে।

(চ) সমিতির নির্দিষ্ট ফরম পূরন করিয়া এবং এককালীন৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করিয়া চাঁদপুর জেলার যেকোন অধিবাসী আজীবন সদস্যপদের জন্য আবেদন করিলে নির্বাহী পরিষদের অনুমোদন ক্রমে আজীবন সদস্যপদ লাভ করিতে পারিবেন।

(ছ) কৃতিত্বপূর্ন কোন কাজের জন্য নির্বাহী কমিটির সাধারন সভায় মতামত নিয়ে সমিতির যেকোন সদস্যকে আজীবন সদস্য পদ প্রদান করিতে পারিবেন।

(জ) কোন সদস্য কোন কারনে বাৎসরিক চাঁদা না দিলে পুনরায় সদস্য হওয়ার জন্য উপযুক্ত কারন দর্শাইয়া তাহাকে সদস্য হইবার জন্য আবেদন করতে হইবে এবং নির্বাহী কমিটি কর্তৃক তাহা অনুমোদন হইতে হইবে।

(ঝ) সমিতির লক্ষ্যমাত্রা অর্জনে ক্ষতিকর এমন কোন আচরন কোন সদস্য করিলে নির্বাহী কমিটির সাধারন সভায় তাহার সদস্য পদ বাতিল করার জন্য সুপারিশ করিবেন এবং সাধারন সভায় অনুমোদনে তার সদস্যপদ বাতিল করা হইবে।

(ঞ) 'ক' অনুচ্ছেদে উল্লেখিত এলাকায় কোন সদস্যের সদস্য পদ 'গ' অনুচ্ছেদে বর্নিত কারনে বাতিল হইয়া গেলে এবং পুনরায় সদস্যপদ লাভ কমিটি কর্তৃক বিবেচিত হইলে, তাহাকে বকেয়া চাঁদা পরিশোধ করিয়া সদস্যপদ বহাল করিতে হইবে।

(ট) কোন সদস্য বদলি জনিত কারনে অন্যত্র চলিয়া গেলে তাহাকে অবশ্যই সাধারন সম্পাদককে অবহিত করিতে হইবে। তিনি ইচ্ছা করিলে সদস্যপদ বহাল রাখিতে পারিবেন, তবে তাহার মাসিক চাঁদা প্রদান করিতে হইবে না এবং ঐ সময় তাহার ভোটাধিকার থাকিবে না।

(ঠ) এই সমিতির সদস্যগন চাঁদপুর জেলার নামে চট্টগ্রামে এইরুপ আদর্শ ও উদ্দেশ্যে গঠিত অন্যকোন সমিতির সদস্য হতে পারবেনা। যাহা অত্র সমিতির আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্যের পরিপন্থী।

(ড) যেকোন ব্যাক্তি এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করিয়া অত্র সমিতির নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে পৃষ্ঠপোষক হইতে পারিবেন। পৃষ্ঠপোষক সদস্যগন সমিতির নির্বাচনে অংশগ্রহনে ও ভোটাধিকার প্রদান করতে পারিবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক

(ঢ) কোন আজীবন সদস্য সমিতির লক্ষ ও উদ্দেশ্য এবং স্বার্থ পরিপন্থী কোন আচরন করিলে তাঁহার সদস্যপদ বাতিলের জন্য নির্বাহী কমিটি সুপারিশ করিতে পারিবে। এই সুপারিশ সাধারন সভায়/বিশেষ সাধারন সভায় অনুমোদনক্রমে সদস্যপদ বাতিল করা যাইবে। বাতিলকৃত এই জাতীয় সদস্যপদ কখনও বহাল করা যাইবেনা।

৭। **নির্বাহী পরিষদ ঃ**

(ক) সমিতির লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় প্রশাসন ও ব্যবস্থাপনার জন্য সমিতির আজীবন সদস্যদের ভোটাধিকার বলে নির্বাচিত নির্বাহী কমিটি সমিতির প্রশাসনিক ব্যবস্থা পরিচালনার জন্য দায়ী থাকিবেন এবং গঠনতন্ত্রের ক্ষমতা বলে কার্যাবলী সম্পাদন করিতে পারিবেন।

(খ) নির্বাহী পরিষদের সদস্য সংখ্যা ৩১ (একত্রিশ) জন হইবে। উক্ত ৩১ (একত্রিশ) জন সদস্য ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন।

(গ) নির্বাহী পরিষদ রুপরেখা নিম্নরুপ হইবে।

| | |
|---|---|
| ১। সভাপতি- | ১জন। |
| ২। সহ সভাপতি- | ৫জন। |
| ৩। সাধারন সম্পাদক- | ১জন। |
| ৪। যুগ্ম-সম্পাদক- | ২জন। |
| ৫। অর্থ সম্পাদক- | ১জন। |
| ৬। সাংগঠনিক সম্পাদক- | ১জন। |
| ৭। সমাজ কল্যান সম্পাদক- | ১জন। |
| ৮। দপ্তর সম্পাদক- | ১জন। |
| ৯। প্রচার ও প্রকাশনা সম্পাদক- | ১জন। |
| ১০। শিক্ষা ও প্রকল্প বিষয়ক সম্পাদক- | ১জন। |
| ১১। আইন বিষয়ক সম্পাদক- | ১জন। |
| ১২। তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক- | ১জন। |
| ১৩। সাহিত্য, সাংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক- | ১জন। |
| ১৪। মহিলা বিষয়ক সম্পাদক- | ১জন। |
| ১৫। সহ-মহিলা বিষয়ক সম্পাদক- | ১জন। |
| ১৬।নির্বাহী সদস্য- | ১১জন। |
| | মোট= ৩১জন। |

(ঘ) আজীবন সদস্যগন ভোটের মাধ্যমে ৩১জন নির্বাহী সদস্য নির্বাচিত করবেন। নির্বাচিত ৩১জন নির্বাহী সদস্যগন সমঝোতার ভিত্তিতে নিজেদের মধ্যে দপ্তর বন্টন করবেন। সমঝোতা না হলে ভোটের মাধ্যমে সভাপতি ও সাধারন সম্পাদক নির্বাচন করা হইবে এবং নির্বাচিত সভাপতি এবং সাধারন সম্পাদক নির্বাহী পরিষদ গঠন করবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

১০.১০.১৭

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়

মোঃ মোস্তফা তালুকদার

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

(ঙ) নির্বাহী পরিষদ ২(দুই) বছর মেয়াদের জন্য নির্বাচতি হইবেন। মেয়াদকাল ১লা জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর হিসাবে ২ (দুই) বৎসর গননা করা হবে।

(চ) মৃত্যু বা অন্য কোন কারনে নির্বাহী পরিষদের কোন পদ শুন্য হইলে নির্বাহী পরিষদ কো-অপারেশনের মাধ্যমে মেয়াদের বাকী সময়ের জন্য শূন্যপদ পূরন করবেন।

(ছ) নির্বাহী পরিষদের কোন সদস্য উপর্যুপরি (পরপর) নির্বাহী কমিটির তিনটি সভায় বিনা কারনে ও বিনা নোটিশে অনুপস্থিত থাকিলে তাহার নির্বাহী কমিটির পদ বাতিল বলিয়া গন্য হইবে এবং সেই ক্ষেত্রে কো-অপারেশনের মাধ্যমে উক্ত পদ পুরন করা হইবে।

(জ) নির্বাহী পরিষদের সভায় অনুপস্থিতির কারন দর্শায়া সভাপতি / সাধারন সম্পাদকের বরাবরে আবেদন করিতে পারিবেন এবং তাহা উক্ত সভার কার্য্যবিবরনীতে লিপিবদ্ধ করা হইবে।

(ঝ) নির্বাহী পরিষদ বৎসরের শুরুতে বার্ষিক বাজেট বরাদ্দ অনুমোদন করবেন।

৭.১ উপদেষ্ঠা পরিষদ ঃ-

(ক) নির্বাহী পরিষদ সমিতির কোন বিষয়ে উপদেশ, সাহায্য ও সহযোগীতার জন্য একটি উপদেষ্ঠা পরিষদ গঠন করিবেন। উপদেষ্ঠা কমিটির সদস্য সংখ্যা নির্বাহী পরিষদের একতৃতীয়াংশের বেশী হইবেনা। নির্বাহী পরিষদের নির্বাচনের ৩ (তিন) মাসের মধ্যে উপদেষ্ঠা পরিষদের প্রথম সভা আহবান করিতে হইবে। প্রতি ৬ মাস অন্তর উপদেষ্ঠা পরিষদের একটি সভা এবং নির্বাহী পরিষদের দুই বৎসর মেয়াদের মধ্যে কমপক্ষে ৪টি সভা আহবান করিতে হইবে।

(খ)নির্বাহী পরিষদের সাধারন সম্পাদক উপদেষ্ঠা পরিষদের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(গ)নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সাধারন সম্পাদক উপদেষ্ঠা পরিষদের সভা আহবান করিবেন ও সভার সিদ্ধান্ত সমূহের কার্যকরী ব্যবস্থা গ্রহন করিবেন।

(ঘ)উপদেষ্ঠা পরিষদের সদস্যগন পর্যায়ক্রমে আবর্তনমূলক পদ্ধতিতে সভার চেয়ারম্যান মনোনীত করিবেন।

(ঙ) সভাপতি উপদেষ্ঠা পরিষদ সভায় সভাপতিত্ব করিবেন। সদ্য বিদায়ী সভাপতি পদাদিকার বলে উপদেষ্ঠা পরিষদের সদস্য হইবেন।

৮। বার্ষিক সাধারন সভা ঃ-

(ক) প্রতি বৎসর জানুয়ারী মাসের শেষ সাপ্তাহে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হইবে। এই সভার সময়, তারিখ, স্থান ও আলোচ্যসূচীসহ কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে সদস্যদের উদ্দেশ্যে নোটিশজারী করিতে হইবে।

(খ) এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে এই সভার কোরাম পূর্ন হইবে। কোরাম পূর্ন না হওয়ার কারনে সভা ১০ মিনিট মূলতবী করা যাইবে। মুলতবী সভায় কোরামের প্রয়োজন হইবেনা।

৯। জরুরী সাধরন সভা ঃ-

গুরুত্বপূর্ন কোন বিষয়ে অথবা গঠনতন্ত্রের সংশোধন/পরিবর্তন আনার জন্য আলোচনা বা সিদ্ধান্ত নেওয়ার জন্য ৪৮ ঘন্টার নোটিশের ব্যবধানে জরুরী সাধারন সভা ডাকা যাইবে। জরুরী সাধারন সভায় এক তৃতীয়াংশ সদস্য/সদস্যাদের উপস্থিতিতে কোরাম পূর্ন হইবে। কোরাম পূর্ন না হওয়ার কারনে সভা ১০ মিনিট মূলতবী করা যাইবে। মূলতবী জরুরী সাধারন সভার জন্য কোরাম দরকার হইবে না।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

মোঃ মোস্তফা তালুকদার

১০। জরুরী নির্বাহী পরিষদের সভা ঃ-

(ক) প্রতিমাসে একবার নির্বাহী পরিষদের সভা আহবান করিতে হইবে এবং সভার কার্য্যবিবরনী লিপিবদ্ধ করিতে হইবে।

(খ) সভাপতির সংগে আলোচনা করিয়া সভার আলোচ্য সূচী নির্ধারন করে কমপক্ষে ৩ (তিন) দিনের সময় দিয়া নির্বাহী পরিষদ সভার নোটিশ ইস্যু করিতে হইবে। জরুরী প্রয়োজনে ২৪ ঘন্টার নোটিশে নির্বাহী পরিষদের জরুরী সভা আহবান করা যাইবে।

(গ) সাধারন সংখ্যা গরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে এই সভার কোরাম পূর্ন হইবে। কোরাম পূর্ন না হওয়ার কারনে সভা ১০ মিনিট মূলতবী করা যাইবে। মুলতবী সভায় কোরামের প্রয়োজন হইবেনা।

১১। রিকুইজিশন সভা ঃ

কোন বিশেষ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত নেওয়ার জন্য অথবা নির্বাহী পরিষদের কোন সদস্য/সদস্যদের বা সকল সদস্য/সদস্যদের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করিলে মোট সদস্য/ সদস্যাদের ৭৫% সদস্য/ সদস্যাদে স্বাক্ষর গ্রহন করিয়া সভাপতি বা সাধারন সম্পাদকের কাছে এই সভা আহবানের অনুরোধ লিখিতভাবে পেশ করিবেন। এই অনুরোধ লিপি পাওয়ার দশ দিনের মধ্যে সভাপতি/সাধারন সম্পাদক সভা আহবান না করিলে সাধারন সদস্য/সদস্যাদের মধ্যে হইতে যেকোন একজন এই সভার নোটিশ দিতে পারিবেন। এই ক্ষেত্রে নির্বাহী পরিষদকে বাদ দিয়াই তাঁহারা সভা পরিচালনা করিতে পারিবেন এবং সভার কার্য বিবরনী লিপিবদ্ধ করিতে পারিবেন। এই জাতীয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সভাপতি/সাধারন সম্পাদক/নির্বাহী পরিষদ বাধ্য থাকিবেন। উভয়ক্ষেত্রে এই ধরনের সভায় মোট ৬০% সদস্য/সদস্যদের উপস্থিতিতে ও লিখিত সম্মতিতে কোরাম পূর্ন হইবে। উল্লেখ থাকে যে, কোন সিদ্ধান্তের পক্ষে ৬০% সদস্য/ সদস্যাদের লিখিত আস্থা না থাকিলে উহা বাতিল বলিয়া গন্য হইবে।

১২। নির্বাচন ঃ-

(ক) সমিতির গঠনতন্ত্র অনুযায়ী প্রতি দুই বছর পর সমিতির নির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(খ) নির্বাহী পরিষদ সমিতির নির্বাচন পরিচালনার জন্য আজীবন সদস্যদের মধ্য গ্রহনযোগ্য ও যোগ্যতা সম্পন্ন একজন চেয়ারম্যান এবং দুইজন সদস্যের সমন্বয়ে একটি নির্বাচন কমিশন গঠন করবেন। নির্বাচন কমিশন দায়িত্ব গ্রহনের ৩০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করবেন।

(গ) নির্বাহী পরিষদ নির্বাচন কমিশনকে হালনাগাদ ভোটার তালিকা প্রস্তুত করে দিবেন এবং নির্বাচন সংক্রান্ত ব্যাপারে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগীতা প্রদান করবেন।

(ঘ) নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠানের নির্ধারিত তারিখের কমপক্ষে ১৫দিন পূর্বে নির্বাচনী আচরনবিধি সমেত তফসীল ঘোষনা করবেন।

(ঙ) সদস্য হওয়ার পর হতে ১২ মাস পূর্ন না হলে নির্বাহী পরিষদের নির্বাচনে অংশ গ্রহন করা যাইবে না।

(চ) নবনির্বাচিত নির্বাহী পরিষদকে পূর্ববর্তী নির্বাহী পরিষদ ৭ দিনের মধ্যে দায়িত্ব বুঝিয়ে দিবেন এবং নবনির্বাচিত নির্বাহী পরিষদ দায়িত্ব বুঝে নেওয়া পর্যন্ত পূর্ববর্তী নির্বাহী পরিষদ দায়িত্ব পালন করবেন।

(ছ) সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের কর্মকর্তা পদে নির্বাচন করার জন্য পূর্ববর্তী যে কোন একটি নির্বাহী পরিষদের নির্বাহী সদস্য থাকিতে হইবে।

(জ) নির্বাহী পরিষদ গঠন বা নির্বাচন প্রক্রিয়ায় সমাজসেবা অদিধপ্তরের একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(ঝ) নির্বাহী পরিষদ গঠিত হইবার ১ (এক) মাসের মধ্যে তাহা সংশ্লিষ্ট কাহজপত্রাদিসহ সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারের মাধ্যমে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরন করিতে হইবে। অনুমোদন বিহীন নির্বাহী পরিষদ অবৈধ বলিয়া বিবেচিত হইবে।

১৩। নির্বাহী পরিষদের বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন ঃ

(ক) ক্ষমতাশীল নির্বাহী পরিষদের কার্যক্রমের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনিত হইলে কমপক্ষে ৫জন আজীবন সদস্য/ সদস্যা লিখিতভাবে যেকোন সাধারন সভায় বা রিকুইজিশন সভায় পেশ করিতে পারিবেন এবং উহা সমিতির মোট সদস্য/সদস্যা সংখ্যার ৬০% সদস্যের ভোটে লিখিত সম্মতিতে গৃহীত হইবে। এমতাবস্থায় নির্বাহী পরিষদ বাতিল বলিয়া গন্য হইবে।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত
১০.১০.১৭

মোঃ মোস্তফা তালুকদার

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

(খ) ক্ষমতাশীল নির্বাহী পরিষদের সভাপতি, সহ-সভাপতি, সাধারন সম্পাদক, অন্যান্য সম্পাদক অথবা নির্বাহী পরিষদ সদস্য/সদস্যার বিরুদ্ধে সমিতির পরিপন্থী কোন কাজের জন্য যেকোন ৩ জন আজীবন সদস্য/সদস্যা লিখিতভাবে অনাস্থা যেকোন সাধারন সভায় বা রিকুইজিশন সভায় পেশ করিতে পারিবেন। উহা সমিতির মোট সদস্য/সদস্যা সংখ্যার ৬০% ভোটে ও লিখিত সম্মতিতে গৃহীত হইবে। এমতাবস্থায় সেই নির্দিষ্ট ব্যাক্তি (রা) কার্যকরী কমিটি হইতে বরখাস্ত বলিয়া গন্য হইবে।

(গ) যদি ক্ষমতাশীল নির্বাহী পরিষদের বিরুদ্ধে আনিত প্রস্তাব ১৩ (ক) অনুচ্ছেদ মতে গৃহীত হয় তাহা হইলে ঐ দিনই উক্ত সভায় সমিতির কার্যক্রম চালানোর জন্য একটি নতুন ৫ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করিতে হইবে। এডহক কমিটি পরবর্তী সাত দিনের মধ্যে উক্ত বাতিল ঘোষিত নির্বাহী পরিষদ হইতে সমিতির সমস্ত দায়িত্ব ভার বুঝিয়া লইবেন এবং ক্ষমতা গ্রহনের একমাসের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করিবেন।

(ঘ) যদি ১৩(খ) অনুচ্ছেদ মতে নির্বাহী পরিষদের সভাপতি, সহ-সভাপতি, সাধারন সম্পাদক ও অন্যান্য সম্পাদক বা কোন নির্বাহী পরিষদের সদস্য/সদস্যা বিরুদ্ধে আনীত প্রস্তাব গৃহীত হয়, তবে ঐ দিনই উক্ত সভা কো-অপশনের মাধ্যমে নতুন কর্মকর্তা নিযুক্ত করিবেন।

(ঙ) নির্বাহী পরিয়দের দুই তৃতীয়াংশ সদস্যের লিখিত অভিযোগের পরিপেক্ষিতে মত বিরোধ তৈরি হলে বা সংস্থার কার্যক্রমে স্থবিরতা দেখা দিলে নিবন্ধনকারী কর্তৃপক্ষ কমিটি বাতিলসহ এডহক কমিটি গঠন বা পরিস্থিতি মোতাবেক ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা রাখে।

১৪। **কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য ঃ-**

১৪.১। **সভাপতি ঃ-**

(ক)তিনি নির্বাহী পরিষদ ও সাধারন সভার প্রতিটি সভায় সভাপতিত্ব করিবেন।

(খ) তিনি নির্বাহী পরিষদের নির্বাচন সংক্রান্ত ব্যাপারে নির্বাচন কমিশনকে সার্বিক সহযোগিতা প্রদান করিবেন।

(গ)নির্বাহী কমিটির কার্যক্রমে তিনি সর্বরকম সহায়তা ও উপদেশ দিবেন।

(ঘ)সমিতির কার্যক্রম বিশ্লেষন ও পর্যালোচনায় তিনি সদস্যদের উৎসাহিত করিবেন।

(ঙ) সভা পরিচালনায় মত বিরোধ দেখা দিলে তিনি যে রায় দিবেন তা চুড়ান্ত বলিয়া গন্য হইবে। তবে তিনি ইচ্ছ করিলে যেকোন বিষয় মতানৈক্য হইলে তাহা ভোটের মাধ্যমে চুড়ান্ত করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে তিনি নিজের ভোট ছাড়াও আর একটি ভোট দিবার ক্ষমতা রাখিবেন। কোন উপস্থাপনা বা প্রস্তাবনা সঠিক বলিয়া গন্য না হইলে তিনি তাহা নাকচ করিয়া দিতে পারিবেন এবং তাহার সিদ্ধান্ত এই ব্যাপারে চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। প্রয়োজনবোধে নির্বাহী কমিটির বিভিন্ন কর্মকর্তা ও সদস্যদের সমিতির লক্ষ্যমাত্রা অর্জনে এই গঠনতন্ত্রের ধারা ক্ষুন্ন না করিয়া তিনি যেকোন নির্দেশ দিতে পারিবেন এবং তাহার এই নির্দেশ কার্যকরী বলিয়া গন্য হইবে।

(চ) নির্বাহী পরিষদের মধ্যে কোন কারনে অভ্যন্তরীন মতবিরোধ, মনোমালিন্য ইত্যাদির জন্য কার্যক্রম ব্যাহত হইলে তিনি সাধারন সভা জরুরী ভিত্তিতে আহবান করিবেন এবং সমিতির কার্যক্রম সম্মন্ধে একটি প্রতিবেদন পেশ করিবেন। প্রতিবেদনের সুপারিশ সাধারন সভায় অধিবেশনের যে কার্যকরী ব্যবস্থা গ্রহন করার অনুমোদন হইবে তাহাই কার্যকরী বলিয়া গন্য হইবে।

(ছ) অভিষেক অনুষ্ঠান আজীবন সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত হইবে এবং তফসীল-১ এ বর্ণিত অঙ্গীকার পত্র অনুযায়ী অনুষ্ঠানের প্রধান অতিথি তাঁহার অনুপস্থিতিতে বিশেষ অতিথি সভাপতি, সহ-সভাপতি, সাধারন সম্পাদক, নির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যদের সপথ বাক্য পাঠ করাবেন।

(জ) তিনি সমিতির গঠনতান্ত্রিক প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন। তিনি সমিতির অভিভাবক ও প্রতিষ্ঠানেরঐক্যের প্রতীক হিসাবে দায়িত্ব পালন করিবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

১০.১০.১৭

মোঃ মোস্তফা তালুকদার

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

১৪.২। সহ-সভাপতি ঃ

(ক) যেকোন করনে সভাপতি অনুপস্থিত বা সমিতির কার্যক্রম দেখাশুনা করিতে অপারগ হইলে ক্রমানুসারে সিনিয়র সহ-সভাপতি সমিতির সভাপতির দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করিবেন।

(খ) সভাপতির অনুপস্থিতিতে সমিতির সভা পরিচালনা করিবার দায়িত্ব পালন করিবেন ও তিনি তখনকার মত সভাপতি বলে গন্য হইবেন।

(গ) তাঁহাদেরকে নির্বাহী পরিষদ সমিতির যে শাখার দায়িত্ব ভার অর্পন করিবেন, তাহা তাহারা সুষ্ঠভাবে ও সুচারুরুপে পরিচালনা করিবেন বা তাহা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করিবেন।

(ঘ) সহ-সভাপতিগন সমিতির কার্যাবলী পালনে সভাপতির নিকট দায়ী থাকিবেন।

১৪.৩। সাধারন সম্পাদক ঃ-

(ক) তিনি নির্বাহী পরিষদের মূখ্য কর্মকর্তা হিসাবে সমিতির সুষ্ঠ পরিচালনার জন্য দায়ী থাকিবেন। বিভাগীয় সম্পাদকের কাজের অগ্রগতির পরিলক্ষন করিবেন ও তাঁহাদের প্রয়োজনবোধে নির্দেশ দিবেন ও প্রয়োজনীয় সহায়তা ও কাজের সমন্বয় করিবেন এবং তাহা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

(খ) তিনি সভাপতির সহিত পরামর্শ করিয়া সকল সভার নোটিশ প্রদান করিবেন এবং সভার আলোচ্য বিষয়সমূহ নির্ধারন করিবেন।

(গ) তিনি সকল সভার সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করিয়া পরবর্তী সভায় উহার নিশ্চিতকরন করিবেন।

(ঘ) তিনি সমিতি কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের তদারকী করিবেন এবং বিভাগীয় সম্পাদকের সমন্বয়ে অনুষ্ঠানের সুষ্ঠ পরিচালনার ও শান্তি শৃঙ্খলা বজায় রাখার ব্যবস্থা করিবেন।(ঙ) তিনি তাঁহার কাজের জন্য সভাপতি ও নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকিবেন।

(চ) তিনি ব্যাংকে রক্ষিত টাকা তোলার জন্য নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত ক্ষমতাবলে চেকে দস্তগত করিবেন এবং প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবেন।

(ছ) তিনি এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত বাজেট বরাদ্দ অনুযায়ী খরচ করিতে পারিবেন।

(জ) তিনি সমিতির বার্ষিক রিপোর্ট লিপিবদ্দ করিবেন ও বার্ষিক হিসাবের অডিট রিপোর্টসহ উহা বার্ষিক সাধারন সভায় অনুমোদনের জন্য পেশ করিবেন।

(ঝ) তিনি সমিতির যাবতীয় স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব, দলিলপত্র ও নথিসমূহ রক্ষনাবেক্ষন করিবেন।

(ঞ) তিনি সমিতির সকল কাজের নেতৃত্ব দান করিবেন এবং অগ্রগতি সম্পর্কে সভাপতি ও নির্বাহী পরিষদকে অবহিত করিবেন।

(ট) তিনি সমিতির সকল চিঠিপত্র, মেমোরেন্ডাম ও নিমন্ত্রন পত্রে দস্তখত করিবেন এবং যেকোন প্রতিষ্ঠান কর্তৃক লিখা চিঠিপত্রের জবাব দিবেন।

(ঠ) সাধারন সভা বা নির্বাহী কমিটির প্রদত্ত ক্ষমতাবলে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী তিনি যেকোন চুক্তি পত্রে স্বাক্ষর প্রদান করিতে পারিবেন।

(ড) তিনি সমিতির বিভিন্ন কার্যক্রমের উন্নয়নের জন্য প্রয়োজনীয় নতুন শাখা খুলিতে পারিবেন।

(ঢ) তিনি সমিতির সদস্য সংখ্যা বাড়ানোর জন্য সাংগঠনিক সম্পাদক সমন্বয়ে প্রচেষ্টা চালাইবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত
১০.১০.১৭
মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

(ণ) তিনি সমিতির সাধারন সদস্যদের অভাব অভিযোগ শ্রবন করিয়া তাহা দুর করানোর ব্যবস্থা করিবেন। প্রয়োজনবোধে নির্বাহী কমিটির সভা আহবান করিয়া উক্ত অভাব অভিযোগ সুরাহা করিবার চেষ্ঠা করিবেন।

(ত) তিনি নির্বাহী পরিষদের সভা ডাকার পূবে বিভাগীয় সম্পাদকের আলোচ্য বিষয়সমূহ জ্ঞাত হইবেন এবং তাহা সভায় উপস্থাপন করিয়া সিদ্ধান্ত নিবার চেষ্টা করিবেন।

(থ) তিনি বাৎসরিক বাজেট নির্বাহী কমিটিতে পেশ করিবেন।

১৪.৪। **যুগ্ম-সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির যাবতীয় কাজে সাধারন সম্পাদকের সাহায্য ও সহযোগীতা দান করিবেন এবং সাধারন সম্পাদক ও নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকিবেন এবং তাহার উপর অর্পিত সকল দায়িত্ব যথাযথভাবে পালন করিবেন।

(খ) তিনি সাধারন সম্পাদকের অনুপস্থিতিতে জৈষ্ঠতার ভিত্তিতে তাঁহার সকল দায়িত্ব পালন করিবেন।

১৪.৫। **অর্থ-সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির তহবিলের আয় ব্যয়ের হিসাব রাখিবেন। নির্বাহী পরিষদের অর্পিত ক্ষমতাবলে তিনি যুক্ত স্বাক্ষরে ব্যাংকের একাউন্ট পরিচালনা করিবেন এবং টাকা তুলিতে পারিবেন।

(খ) যাবতীয় বিল, ভাউচার ইত্যাদি গ্রহন কল্পে তার ও সাধারন সম্পাদকের দস্তখত যাবতীয় খরচের বিল, ভাউচারে থাকিতে হইবে।

(গ) তিনি বাৎসরিক খসড়া বাজেট সাধারন সম্পাদকের মাধ্যমে নির্বাহী পরিষদের নিকট অনুমোদনের জন্য পেশ করবেন।

(ঘ) তিনি বাজেট বরাদ্দ অনুযায়ী আয় ব্যয় লক্ষ্য রাখিবেন।

(ঙ) বার্ষিক সাধারন সভার পূর্বে অনুমোদিত চাটার্ড একাউন্ট্যান্টস দ্বারা সমিতির হিসাব নিরীক্ষার কাজ সম্পূর্ন করিয়া বার্ষিক সভায় পেশ করিবেন।

(চ) সমিতির ক্যাশ বই ও হিসাবের দলিলপত্র ও চেক বই সংরক্ষন ও প্রয়োজনে উহার গোপনীয়তা রক্ষা করিবেন।

(ছ) তিনি সমিতির তহবিল সংক্রান্ত সকল তথ্যাদি সভাপতি ও সাধারন সম্পাদককে অবহিত রাখিবেন। প্রয়োজনবোধে নির্বাহী কমিটির মাসিক সভায় পেশ করিবেন।

(জ) তাঁহার কাজের জন্য তিনি সভাপতি ও নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকিবেন।

(ঝ) তিনি ইস্তফা দিতে চাহিলে কমপক্ষে একমাসের নোটিশ দিতে হবে।

(ঞ) তিনি বাৎসরিক হিসাব নিরীক্ষা কালে অডিটরকে তাঁহাদের চাহিদা মোতাবেক সকল দলিলপত্র, ভাউচার ইত্যাদি সরবরাহ করিবেন।

(ট) তিনি কোন ক্রমেই ৩,০০০(তিন হাজার) টাকার উর্দ্ধে টাকা হাতে রাখিতে পারিবেন না। সমিতির সমগ্র টাকা ব্যাংকে জমা রাখিবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

১৪.৬। **সমাজ কল্যান সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির সমাজ কল্যান বিভাগের দায়িত্ব পালন করিবেন।

(খ) অত্র বিভাগের যাবতীয় সম্পদ রক্ষনাবেক্ষনের দায়িত্ব পালন করিবেন। তাহা ছাড়া প্রয়োজনীয় সম্পদ আহরনের জন্য সুচিন্তিত সুপারিশ নির্বাহী পরিষদ সভায় পেশ করা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহন করার জন্য সাধারন সম্পাদকের নিকট লিখিতভাবে পেশ করিবেন।

(গ) তিনি সমিতির সদস্যদের সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান গুলোতে সমিতির তরফ হইতে সকল প্রকার সহযোগিতার ব্যবস্থা করিবেন। বিশেষভাবে বিবাহ অনুষ্ঠান, দুস্থ পরিবারে, বন্যা ও ঘূর্নিঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবার বা এলাকায় সাহায্য প্রদানের ব্যবস্থা করিবেন।

(ঘ) উক্ত কাজ করার জন্য সভাপতি ও সাধারন সম্পাদকের পরামর্শ অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী তিনি সমিতির সকল সদস্যদের হইতে সাহায্য হিসাবে অর্থ, পোষাক পরিচ্ছদ, আসবাবপত্র সংগ্রহ ও বিতরন করার ব্যবস্থা করিবেন।

(ঙ) চাঁদপুর জেলার অধিবাসী ও সমিতির সদস্যদের উপর নির্ভরশীল মেধাবী ও গরীব ছাত্র-ছাত্রীদের জন্য মাসিক/এককালীন বৃত্তি প্রদানের ব্যবস্থা করিবেন।

(চ) তিনি সকল সদস্যদের সমস্যাদির খোজ খবর রাখিবেন ও সমস্যা সমাধানের জন্য যথা সম্ভব কার্যকরী ব্যবস্থা গ্রহন করিবেন।

(ছ) সভাপতি ও সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করিবেন।

১৪.৭। **সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ঃ**

(ক) তিনি সমিতির সাহিত্য ও সাংস্কৃতিক দফতরের দায়িত্ব পালন করিবেন।

(খ) তিনি সমিতির পাঠাগার প্রতিষ্ঠা করার ব্যবস্থা করিবেন ও উহার সুষ্ঠ পরিচালনার জন্য নিয়মাবলী প্রনয়ন করিবেন।

(গ) সদস্যদের ছেলে মেয়েদের মধ্যে বিভিন্ন শিক্ষামূলক, সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করিবেন এবং প্রতিযোগীদের মধ্যে মেধানুসারে পুরস্কার প্রদানের ব্যবস্থা করিয়া শিশু কিশোরদের উৎসাহ দান করার ব্যবস্থা করিবেন।

(ঘ) সমিতির সদস্যদের বিনোদনের জন্য বার্ষিক নাটক, বিচিত্রা অনুষ্ঠান, ঈদ পূনর্মিলনী, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ও শহীদ দিবস উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করিয়া বিনোদনের ব্যবস্থা করিবেন।

(ঙ) সমিতির সদস্যদের সাহিত্য চর্চায় অনুপ্রানীত করার জন্য সমিতির পাঠাগারে মাসিক দেয়াল ম্যাগাজিন ও পরে বার্ষিক/পাক্ষিক ম্যাগাজিন বাহির করার ব্যবস্থা করিবেন।

(চ) সমিতির সদস্যগন ও তাঁহাদের ছেলেমেয়েদের মধ্যে ইন-ডোর ও আউট-ডোর বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান ও পুরস্কার বিতরনের ব্যবস্থা গ্রহন করিবেন।

(ছ) তিনি সভাপতি ও সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব যথাযথভাবে পালন করিবেন।

অনুমোদিত

অঃ পৃঃ দ্রঃ-

১০.১০.১৭

মোঃ মোস্তফা তালুকদার

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

১৪.৮। **সাংগঠনিক সম্পাদক ঃ**

(ক) তিনি সমিতির সাংগঠনিক বিভাগের দায়িত্ব পালন করিবেন।

(খ) সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধির জন্য যাবতীয় কার্যকরী ব্যবস্থা গ্রহন করিবেন।
(গ)তিনি সভাপতি ও সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ অনুযায়ী অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

১৪.৯। **মহিলা বিষয়ক সম্পাদক ঃ**

(ক) তিনি মহিলা বিষয়ক দপ্তরের প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(খ) মহিলা সদস্য বৃদ্ধি ও মহিলা সদ্যদের বিভিন্ন সুযোগ সুবিধার ব্যবস্থা করার জন্য সাধারন সম্পাদকের মাধ্যমে নির্বাহী পরিষদের সভায় পেশ করা ও সিদ্ধান্ত নেওয়ার ব্যবস্থা করিবেন।

(গ) মহিলাদের জন্য বিভিন্ন ভিত্তিমূলক প্রশিক্ষনের ব্যবস্থা করিবেন।

(ঘ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক ও নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত সকল দায়িত্ব যথাযথ ভাবে পালন করিবেন।

(ঙ) মহিলাদের জন্য গাহস্থ্য বিভাগ খোলার ব্যবস্থা করবেন।

১৪.১০। **সহ-মহিলা বিষয়ক সম্পাদক ঃ-**
(ক) তিনি মহিলা বিষয়ক সম্পাদকের অনুপস্থিতিতে তাঁহার সকল দায়িত্ব পালন করিবেন। তিনি সমিতির যাবতীয় কাজে মহিলা বিষয়ক সম্পদককে সাহায্য ও সহযোগীতা প্রদান করিবেন।
(খ) তিনি তাঁহার কাজের জন্য মহিলা বিষয়ক সম্পাদক ও নির্বাহী পরিষদদের নিকট দায়ী থাকিবেন এবং নির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত সকল দায়িত্ব যথাযথ ভাবে পালন করিবেন।
(গ) তিনি মহিলা বিষয়ক সম্পাদকের সহযোগী হিসাবে কাজ করিবেন।

১৪.১১। **দপ্তর সম্পাদক ঃ-**
(ক) তিনি সমিতির যাবতীয় দাপ্তরিক কার্যাদি পরিচালনা তদারকী করবেন।
(খ) তিনি সমিতির কার্য্যালয় বা অফিস চালু রাখার দায়িত্ব পালন করিবেন।
(গ) তিনি সমিতির কর্মচারীদের কার্য্যক্রম তদারকী করিবেন।
(ঘ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

১৪.১২। **প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক ঃ-**
(ক) তিনি সমিতির প্রচার ও প্রকাশনা বিষয়ক সকল দায়িত্ব পালন করিবেন।
(খ) তিনি সমিতির সকল কর্মসূচী প্রচারের যথাযথ ব্যবস্থা গ্রহন করিবেন। যাহাতে সদস্যগন সমিতির কার্য্যক্রম সম্পর্কে সঠিক সময়ে ও সঠিক ভাবে অবহিত হন।
(গ) সমিতি কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠান ধারন পূর্বক সংরক্ষন করা ও অনুষ্ঠান সম্পর্কে ইলেক্ট্রনিক্র ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের ব্যবস্থা গ্রহন করিবেন। সমিতির উদ্যোগে প্রকাশিত যাবতীয় প্রকাশনার দায়িত্ব পালন করিবেন।
(ঘ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

১০.১০.১৭

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

২৭/৭/১৮
মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি

২৭/৭/১৮
মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

১৪.১৩। **শিক্ষা ও প্রকল্প বিষয়ক সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির শিক্ষা ও বৃত্তিমূলক কর্মকান্ড তদাকরী করিবেন।

(খ) তিনি সমিতির শিক্ষা ও সেবামূলক প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করিবেন।

(গ) তিনি সমিতির উদ্যোগে চাঁদপুর জেলার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং অধ্যয়নরত গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন।

(ঘ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

(ঙ) তিনি চাঁদপুর জেলার অনগ্রসর অধিবাসীদের সাবলম্বী করে তোলার জন্য প্রকল্প গ্রহন ও পরিচালনা করবেন।

১৪.১৪। **আইন বিষয়ক সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির যাবতীয় আইন বিষয়ক দায়িত্ব পালন করিবেন।

(খ) সমিতির আজীবন সদস্য বা চট্টগ্রামে বসবাসরত চাঁদপুরবাসী কোন আইনগত সমস্যায় পতিত হলে তাদেরকে সার্বিক সাহায্য ও সহযোগীতা প্রদান করিবেন।

(গ) সমিতি অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থার সহিত কোন প্রকার চুক্তিবদ্ধ হলে চুক্তিপত্র সম্পাদন করিবেন।

(ঘ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

১৪.১৫। **তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ঃ-**

(ক) তিনি সমিতির তথ্য ও প্রযুক্তি বিষয়ক বিভাগের দায়িত্ব পালন করিবেন।

(খ) তিনি সমিতির সদস্যদের তথ্য ও প্রযুক্তি জ্ঞানে সমৃদ্দি ও ব্যপ্তিসাধনে দায়িত্ব পালন করিবেন।

(গ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

১৪.১৬। **নির্বাহী পরিষদ সদস্য ঃ-**

(ক) সভাপতি ও সহসভাপতিদের মধ্যে কেউ উপস্থিত না থাকলে সেক্ষেত্রে নির্বাহী পরিষদের উপস্থিতি জৈষ্ঠ্য সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

(খ) তিনি সভাপতি, সাধারন সম্পাদক অথবা নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ও নির্দেশ মোতাবেক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন।

১৫। **পদত্যাগ ও শূন্যপদ পুরন ঃ-**

(ক) নির্বাহী পরিষদের কর্মকর্তা বা নির্বাহী সদস্য কোন কারনে পদত্যাগ করিলে সভাপতি, সাধারন সম্পাদকের নিকট পদত্যাগপত্র পেশ করিবেন। সাধারন সম্পাদক তাহা বিবেচনার জন্য নির্বাহী পরিষদ সভায় উপস্থাপন করবেন। সভাপতি নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী পদত্যাগপত্র গ্রহন/প্রত্যাখান করিবেন।

(খ) মৃত্যু, পদত্যাগ বা অন্য যে কোন কারনে নির্বাহী পরিষদের কোন পদ শূন্য হইলে নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্তক্রমে আজীবন সদস্যদের থেকে কো-অপসনের মাধ্যমে উক্ত শূন্যপদ পূরন করা যাবে। যাহা পরবর্তী সাধারন সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন নিতে হইবে।

অনুমোদিত

অঃ পৃঃ দ্রঃ-

১০.১০.১৯

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

২৭/৭/১৮
মোঃ মোস্তফা তালুকদার

২৭/৭/১৮
মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

১৬। **নির্বাহী পরিষদের দায়িত্ব ঃ**

(ক) নির্বাহী পরিষদ প্রতিমাসে একবার মিলিত হইবেন।

(খ) সাধারন সম্পাদক সভাপতির অনুমোদনক্রমে সভার আলোচ্য বিষয় সদস্যদের কাছে তিনদিন আগে প্রেরন করিবেন।

(গ) সংখ্যা গরিষ্ট সদস্য উপস্থিত হইলে সভার কোরাম গঠিত হইবে। তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হইবে না। কোরাম পূর্ন না হইলে ১০ মিনিট মূলতবী করে পুনরায় সভা আরম্ভ করা যাবে।

(ঘ) নির্বাহী পরিষদ সমিতির বাৎসরিক বাজেট বরাদ্ধ প্রতি বছর ডিসেম্বর মাসে পেশ করিতে হইবে।

(ঙ) নির্বাহী পরিষদ সমিতির বাৎসরিক বাজেট বরাদ্দ অনুমোদন করিবেন।

(চ) গঠনতন্ত্র কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন ছাড়াও আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালনের ক্ষমতা পরিষদের বিভিন্ন সদস্যদের উপর অর্পন করিবেন।

(ছ) নির্বাহী পরিষদ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে আজীবন সদস্যদের নিয়ে বিভিন্ন কমিটি গঠন করিতে পারিবেন।

(জ) নির্বাহী পরিষদ প্রতি বছর জানুয়ারী মাসের মধ্যে সমিতির বাৎসরিক কার্যবিবরনী সাধারন সভায় পেশ করিবেন এবং তা অনুমোদন করাইবেন। কোন বিশেষ কারনে উক্ত সভা ৩০ দিন পিছাইয়া দেওয়া যাইবে।

১৭। **সমিতির তহবিল ঃ-**

(ক) এই বিধির অধিনে দায়িত্ব পালনে ও লক্ষ্যমাত্রা অর্জনে সমিতির যে খরচ হইবে তাহা সংকুলানের জন্য সমিতির নিজস্ব তহবিল থাকিবে।

(খ) এই তহবিল সরকার কর্তৃক অর্থ মঞ্জুরী, সদস্যদের অনুদান, চাঁদা এবং অন্য যেকোন উৎস হইতে গঠিত হইতে পারিবে।

১৮। **হিসাব নিরীক্ষা ঃ-**

(ক) সরকার অনুমোদিত অডিট ফার্ম বা নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক বার্ষিক অডিট সম্পন্ন করিতে হইবে এবং উহা বার্ষিক বিবরনীর সাথে বার্ষিক সাধারন সভায় পেশ করিতে হইবে। বার্ষিক সাধারন সভায় অডিটর নিয়োগ ও তাহার ফি ধার্য্য করা হইবে।

(খ) নিধারিত সময়ে বার্ষিক রিপোর্ট ও অডিট রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরন করিতে হইবে এবং সদস্যদের জ্ঞাতার্থে প্রকাশ করিতে হইবে।

(গ) নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন অফিসার যে কোন সময় সমিতির হিসাব নিকাশ, নথিপত্র, নগদ অর্থের হিসাব এবং অন্যান্য স্থাবর ও অস্থাবর সম্পদের হিসাব এবং তৎসম্পর্কিত দলিল দস্তাবেজ পরীক্ষা করিতে পরিবেন।

১৯। **কর্মচারী নিয়োগ ঃ-**

(ক) সমিতির দায়িত্ব দক্ষতার সহিত সম্পাদনের জন্য সমিতির নির্বাহী পরিষদ স্বীয় বিবেচনা মতে শর্তাবলী নির্ধারন করিয়া সমিতির কার্যক্রম পরিচালনার জন্য অফিসার ও অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবেন।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত

২০.১০.১৯

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

(খ) সভাপতি ও নির্বাহী পরিষদের কোন দায়িত্বপূর্ন কাজ সদস্যদের দ্বারা সম্পন্ন করাইলে সেই কাজ অনুযায়ী নির্বাহী পরিষদের নির্ধারন সাপেক্ষে যেকোন নির্বাহী কমিটির সদস্য বা আজীবন বা পেশা ভিত্তিক যেকোন লোককে সম্মানী ভাতা দিতে পারিবেন। সভাপতির সুপারিশ অনুযায়ী নির্বাহী পরিষদ সম্মানী ভাতার অংক নির্ধারন ও অনুমোদন করিবেন।

২০। **বিবিধ ক্ষমতা ঃ-**

(ক) নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে অত্র সমিতির উদ্দেশ্যে গঠিত/পরিচালিত অন্য কোন এলাকায় গঠিত সম পর্যায়ের বা অন্য কোন পর্যায়ের সমিতি/সংস্থার সাথে সরাসরি আলোচনার ভিত্তিতে সম্পাদিত চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে।

(খ) এই সমিতির কোন সদস্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অন্য কোন সমিতি/সংস্থার সহিত এইরুপ কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবেন না যাহা সমিতির গঠনতন্ত্রের যেকোন অনুচ্ছেদ বিশেষ করিয়া আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্যের পরিপন্থী হইবে। এইরুপ ক্ষেত্রে নির্বাহী পরিষদ ঐ সদস্যের সদস্যপদ বাতিল করিতে পারিবেন অথবা অন্য কোন শাস্তি দিতে পারিবেন।

(গ) অসদাচরন বা গঠনতন্ত্রের আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্যের পরিপন্থী কোন কাজের জন্য নির্বাহী পরিষদ ইচ্ছা করিলে যেকোন সদস্য/সদস্যাদের সদস্যপদ বাতিল করিতে পারিবেন অথবা যেকোন রকম শাস্তি দিতে পারিবেন।

(ঘ) অত্র গঠনতন্ত্রের উল্লেখ করা হয় নাই এইরুপ যেকোন বিষয়ে নির্বাহী পরিষদের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হইবে অথবা দেশের প্রচলিত আইনে পরিচালিত হইবে।

২১। **ব্যাংক হিসাব পরিচালনা ঃ-**

সমিতির তহবিলের টাকা নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী তফশীলভূক্ত যে কোন ব্যাংকে রাখিতে হইবে। সভাপতি, সাধারন সম্পাদক ও অর্থ সম্পাদক যৌথভাবে ব্যাংক হিসাব পরিচালনা করিবেন। চেকে সাধারন সম্পাদক বাধ্যতামূলক এবং সভাপতি ও অর্থ সম্পাদক যেকোন একজন স্বাক্ষর প্রদান করিবেন।

২২। **গঠনতন্ত্রের সংশোধন** ঃ-

(ক) এতদ্ব উদ্দেশ্যে আহুত বার্ষিক সাধারন সভা, বিশেষ সাধারন সভা অথবা রিকুইজিশন সভায় মোট উপস্থিত একতৃতীয়াংশ সদস্যদের মতামতের ভিত্তিতে গঠনতন্ত্রের সংযোজন,সংশোধন বা রহিত করা যাবে।

(খ) গঠনতন্ত্রের এইরুপ পরিবর্তনের ১৫ দিনের মধ্যে যে অনুচ্ছেদ সংযোজন, সংশোধন বা রহিত করা হইয়াছে তাহা বিস্তারিত উল্লেখ করিয়া উপ-পরিচালক জেলা সমাজ সেবা কার্যালয়, চট্টগ্রাম এর বরাবরে অনুমোদনের জন্য প্রেরন করিতে হইবে।

২৩। **বিধি প্রনয়নঃ-**

সমিতির বিভিন্ন ক্ষেত্রে কার্য পরিচালনার জন্য নির্বাহী পরিষদ সমিতির উদ্দেশ্য পূরন কল্পে বিধি প্রনয়ন করিতে পারিবেন।

২৪। **সমিতির অবসায়ন ঃ**

সমিতির মোট সদস্যের তিন চতুর্থাংশ সদস্য একমত হইয়া অত্র সমিতিকে বিলুপ্ত ঘোষনা করিতে পারিবেন অথবা অন্য কোন কারনে বিলুপ্ত হইবে। যাবতীয় দায়- দেনা পরিশোধের পর যদি কোন তহবিল বা সম্পদ উদ্বৃত্ত থাকে। তবে তাহা চাঁদপুরের জেলা প্রশাসকের মাধ্যমে জেলার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের দান করা হইবে।

অঃ পৃঃ দ্রঃ-

অনুমোদিত
১০.১০.১৭

মোঃ মোস্তফা তালুকদার

মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক

২৫। আইনগত বাধ্যবাধকতা ঃ

(ক) এই গঠনতন্ত্র বা তদাধিনে প্রনীত কার্য্য বিবরনী কিংবা অন্য যে কোন কাগজপত্রে যাটাই লিখা থাকু না কেন ১৯৬১ সালে ৪৬ নং অধ্যাদেশ বা তৎসম্পকিত ১৯৬২ সালের বিধি সমুহ কিংবা দেশের প্রচলিত আইন সংবিধান বা সামাজিক নিয়ম কানুন পরিপন্থী কোন কার্য্যকলাপ এই সংগঠন কর্তৃক পরিচালিত হইবে না।

(খ) স্বাস্থ্য মন্ত্রনালয়ের সংক্রান্ত কোন কার্য্যক্রম পরিচালনার পূর্বে স্বাস্থ্য অধিদপ্তর বা স্বাস্থ্য মন্ত্রনালয়ের অনুমোদন গ্রহন করিতে হইবে।

(গ) এক নাগাড়ে ৩টি অনুমোদিত কমিটির অডিট না থাকলে সমাজসেবা অধিদপ্তর সংস্থার নিবন্ধন বাতিলের সুপারিশ করতে পারবে।

## বর্তমান সংযোজিত

## তফসীল-এক
## শপথনামা

আমি ..........................................................................................স্বশ্রদ্ধচিত্রে ও সজ্ঞানে শপথ করিতেছি যে, ............................মেয়াদের নির্বাহী পরিষদের..............................................পদের দায়িত্ব ও কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব। আমি সমিতির প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষন করিতেছি। আমি গঠনতন্ত্রের রক্ষক, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব এবং প্রীতি, অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি বিধি মোতাবেক আচরন করিব। আমিন।

স্বাক্ষরঃ ..............................................

নাম ঃ ..............................................

তারিখ ঃ ..............................................

মোঃ মোস্তফা তালুকদার
সভাপতি
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।

অনুমোদিত
১০.১০.১৯
মোহাম্মদ শহীদুল ইসলাম
উপপরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
জেলা সমাজসেবা কার্যালয়
চট্টগ্রাম।

মোঃ আলমগীর হোসেন বাবুল
সাধারণ সম্পাদক
চাঁদপুর জেলা সমিতি, চট্টগ্রাম।